

কোর্ট ট্রাস্ট, প্রধান কার্যালয়, ঢাকা। তারিখ: ২৪ জুন, ২০১৯ খৃস্টাব্দ।

প্রতি : নোটিশ বোর্ডের মাধ্যমে সকল কর্মী

হতে : পরিচালক


বিষয় : মোবাইল ফোন ও ইন্টারকমে কল করার সময় বিবেচ্য বিষয়সমূহ প্রসঙ্গে।

প্রিয় সহকর্মীবন্দ,

আপনাদের সকলের অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানাচ্ছি যে সংস্থার কর্মীদের মোবাইল ফোন ও ইন্টারকমে কল করার সময় নিম্নলিখিত বিষয়সমূহ মেনে চলার জন্য আপনাদেরকে অনুরোধ করা হলো:

১. মোবাইল ফোন বা ইন্টারকমে কল করার সময় অপর প্রান্ত থেকে দুবার রিং হওয়ার পরও যদি তিনি কলটি না ধরেন বা মোবাইল কলটি অপেক্ষমান (**Waiting option**) এ থাকে তাহলে আপনি আপনার কলটি কেটে দেবেন।
২. এ সময় আপনাকে ধরে নিতে হবে যে তিনি মোবাইল ফোন বা ইন্টারকমের কাছে নেই অথবা তিনি আরও গুরুত্বপূর্ণ কাজে বা অন্য একটি ফোন কলে ব্যস্ত।
৩. এখানে উল্লেখ্য যে যাকে কল করা হয়েছে তিনি পরে নিজ দায়িত্বে অবশ্যই কলটি ব্যাক করবেন।
৪. দুবার রিং হওয়ার পরও যদি আপনি কলটি না কাটেন এবং যাকে ফোন করা হয়েছে তিনি ফ্রি হয়ে কলটি ব্যাক না করেন তাহলে উভয়ের ক্ষেত্রেই তা অসদাচরণ (**Misconduct**) এর আওতায় পড়বে এবং কোর্ট মানব সম্পদ ব্যবস্থাপনা নীতিমালা অনুসারে তাদের বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।
৫. অত্র সার্কুলারটি অনতিবিলম্বে কার্যকরী হবে এবং এর সাথে যদি কেউ দ্বিমত পোষণ করেন তাহলে আগামী ১৫ জুলাই, ২০১৯ ইং এর মধ্যে নিম্ন স্বাক্ষরকারী বরাবর যেকোন মাধ্যমে যোগাযোগ করার জন্য অনুরোধ করছি। এ সার্কুলারটি আগামী ১৫ দিন পর্যন্ত নোটিশ বোর্ডে ঝুলানো থাকবে, কমপক্ষে ২টি সভায় আলোচনা করতে হবে এবং সকল কর্মীর স্বাক্ষর দিয়ে নির্দিষ্ট ফাইলে রাখতে হবে।

ধন্যবাদসহ



সনত কুমার ভোঁমিক 24.06.2019

অনুলিপি: নির্বাহী পরিচালক  
সকল উপ ও সহকারী পরিচালক  
অফিস কপি